# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# ৪র্থ কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

১।  বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভা ২৭ ডিসেম্বর ২০২৫ ইং তারিখ সন্ধ্যা ১৮৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবঃ) | - প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| ঘ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ) | - জয়েন্ট সেক্রেটারী |
| ঙ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| চ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| ছ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| জ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| ঝ। | মেজর জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ, পিএইচডি, এমএসসি, এমপিএইচ, এফআরএসপিএইচ (অবঃ) | - মেম্বার মেডিকেল |
| ঞ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ট। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ঠ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ড। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ঢ। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি | - সদস্য |
| ণ। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |

২।  সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br><br>বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে নিম্নে উল্লেখিত এবং যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্বরণ করেন এবং সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন।<br><br>• প্রফেসর মোঃ মকবুল হোসেন, বাড়ী # ১৪২, রোড # ০১, মৃত্যু ঃ ১১ ডিসেম্বর ২০২৫। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০২ ঃ</u> প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য ঃ**<br><br>উদ্বোধনী ভাষনে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ৪র্থ সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, সম্মানিত বাসিন্দাগণ বর্তমান ইসি কমিটির কার্যক্রমের ভূয়শী প্রসংশা করছেন। সুতরাং তাদের আস্থা অক্ষুন্ন রাখতে আমাদের নিরলসভাবে কাজ করা উচিত। আগামী নতুন বছরে পরিষদের অনেক গুরুত্বপূর্ণ কার্যক্রম ও অনুষ্ঠানাদি রয়েছে তা সুন্দরভাবে পরিচালনা করে আমাদের সম্মানিত বাসিন্দাদের প্রত্যাশাগুলো পূরণে সকলকে সক্রিয় ও অন্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে ভূমিকা রাখার অনুরোধ জানান। তিনি মহিলা সদস্যগণ পিকনিকে অংশগ্রহন করে ইসি সভায় যোগদান করায় প্রশংসা করেন। এরপর প্রেসিডেন্ট নিম্নোক্ত বিষয়গুলি সম্পর্কে সম্মানিত ইসি সদস্যদের অবহিত করেন।<br><br>**<u>এ্যাম্বুলেন্স প্রদান</u> ঃ** তিনি জানান, সেনাসদর থেকে নতুন এ্যাম্বুলেন্স প্রদানের অগ্রগতির ব্যাপারে ব্রিগেঃ জেনাঃ মামুন-অর-রশিদ (অবঃ), পরিচালক, ট্রাস্ট ব্যাংক এর সাথে যোগাযোগ করা হলে তিনি খুব শ্রীঘ্রই নতুন এ্যাম্বুলেন্স প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে বলে জানান।<br><br>**<u>ফিজিওথেরাপি সেন্টার বৃদ্ধি করণ ঃ</u>** ফিজিওথেরাপি সেন্টারে **১**টি বেড ও ট্রেডমিল স্থাপনের জন্য জায়গা বৃদ্ধির কাজটি ইতিমধ্যে অনেক সুন্দরভাবে সম্পন্ন হয়েছে এবং এ ব্যাপারে তিনি তার সন্তুষ্টি প্রকাশ করেন।<br><br>**<u>রাস্তা প্রশস্থ করণ</u> ঃ** স্কুল গেট থেকে ট্রানজিট ক্যাম্প পর্যন্ত সড়কের মধ্যবর্তী অংশ সংকীর্ণ থাকায় যানবাহন চলাচলে দীর্ঘদিন থেকে অসুবিধার সৃষ্টি হচ্ছে। তিনি জানান যে ব্যক্তিগত যোগাযোগ ও প্রচেষ্টার ফলশ্রুতিতে ঐ অংশটুকু সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রশস্থ করণের কাজ শুরু করা হয়েছে এবং চলমান রয়েছে। খুবই অল্প সময়ে বহুল প্রতিক্ষিত প্রসস্থ করনের কাজটি শেষ হবে বলে তিনি আশাবাদ ব্যাক্ত করেন।<br><br>**<u>শিশু পার্কে রাইড স্থাপন</u> ঃ** স্কয়াড্রন লিডার এএসএম আব্দুল মতিন (অবঃ), বাড়ী # ৫২২, রোড # ১০, বারিধারা ডিওএইচএস পুকুর পাড় এলাকার শিশু পার্কে একটি উন্নত মানের মেরী গো রাউন্ড টাইপ ১ x রাইড অনুদান হিসেবে প্রদান করেছেন এবং জনাব খন্দকার শহীদ ইমাম, বাড়ী নং- ৫১৫, ৯নং রোডের শিশু পার্কে ২টি দোলনার জন্য ২০,০০০/- অনুদান দিয়েছেন। এতে ডিওএইচএস এর শিশুগন খুবই আনন্দিত।<br><br>প্রেসিডেন্ট আরও অবহিত করেন যে, অনেক সম্মানিত মুসল্লী এই মর্মে তাকে অনুরোধ জানিয়েছেন, বর্তমান সিনিয়র মুয়াজ্জিনকে ডিজিএলএমএন্ডসি কর্তৃক চাকুরীতে ভর্তি পূর্বক মসজিদের ইমাম হিসাবে সরকারীভাবে নিয়োগ দেয়ার জন্য ব্যবস্থা গ্রহন করতে।<br><br>প্রেসিডেন্ট শেষভাগে অবহিত করেন যে, নর্দার্ন রোড ও ইর্ষ্টাণ রোড এর কার্পেটিং অতিশ্রীঘ্রই শুরু হবে। এই প্রসংগে তিনি ১নং রোডের পশ্চিম পার্শ্বে বাড়ী # ১২২/১ এর সামনে জলাবদ্ধতা নিরসণের জন্য উক্ত সময়ে নীচু স্থানটি উচু করিয়ে নেয়ার জন্য সেক্রেটারী মহোদয়কে অনুরোধ করেন।<br><br>এরপর প্রেসিডেন্ট সেক্রেটারীকে আজকের অধিবেশনের মূল আলোচ্যসূচী পরিচালনা করার জন্য অনুরোধ জানান। | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ৩য় ইসি সভার কার্যবিবরণী অনুমোদন।**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ৩য় ইসি সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ৩য় সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং পয়েন্টসমূহের গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সংক্ষেপে সকলকে অবগত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত পয়েন্টসমূহের ব্যাপারে পুনরায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |
| ক। বিসিএসআইসি স্কুল গেইটের সামনে ১৬ টি লোহার বোর্ড এ "সাইন মিডিয়া" কর্তৃক বিজ্ঞাপন প্রচার বাবদ বার্ষিক ৫০,০০০/- প্রদান করেন। এখন হতে উক্ত বোর্ড সমূহে বিজ্ঞাপন বাবদ ১,৫০,০০০/- টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত কোম্পানীকে প্রস্তাব দেয়া হবে যদি রাজি না থাকে তবে অন্য নতুন কোম্পানীকে অনুমোদন দেয়া হবে। | মেম্বার এ্যাডমিন |
| খ। পুজা কমিটির সেক্রেটারী বিদেশে অবস্থান করছেন বিধায় এখনও পূজার বকেয়া বিল গৃহীত হয়নি। তিনি দেশে ফিরলে হল ভাড়া বাবদ প্রাপ্য টাকা পরিশোধের ব্যাপারে জ্ঞাত করা হবে বলে ট্রেজারার সভায় অবহিত করেন। | ট্রেজারার |
| গ। পরিষদের কোন কর্মচারী যদি বিশেষ কারণে অথবা অফিসের প্রয়োজনে বাৎসরিক প্রাপ্য ছুটি ভোগ করতে না পারে তাহলে উক্ত দিনের সমপরিমান টাকা প্রাপ্তির আবেদন এর বিষয়টি গঠিত বেতন ভাতা মূল্যায়ন কমিটির নিকট সুপারিশের জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়। | বেতন-ভাতা মূল্যায়ন কমিটি |
| ঘ। **মোবাইল টাওয়ার অপসারণ ঃ** অতীতে সিকিউরিটি ব্যারাকের ছাদে স্থাপিত ২টি মোবাইল টাওয়ার বিল্ডিংয়ের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। টাওয়ার ২ টি খালি জায়গায় স্থানান্তর করার জন্য স্টেশন সদর দপ্তরে পত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | কনভেনার, আইটি সাব-কমিটি |
| ঙ। **ললিতকলা একাডেমী ঃ** ললিতকলা একাডেমী বন্ধ করার ব্যাপারে সঠিক পদ্ধতি অনুসরণ করা হয়নি মর্মে কনভেনার কালচারাল সাব-কমিটি উল্লেখ করেন। বিস্তারিত আলোচনা শেষে পূর্বের ইসি সভার সিদ্ধান্ত বহাল রাখার ব্যাপারে সকল ইসি সদস্য সম্মত হওয়ায় গৃহীত সিদ্ধান্ত বহাল রাখা হয়। | সেক্রেটারী |
| পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি প্রস্তাব করেন এবং ডাঃ পারভীন হক চৌধুরী, ইসি সদস্য সমর্থন করেন। ফলে কার্যবিবরনী সভায় অনুমোদিত হলো। | |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক নভেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচের অনুমোদন**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের নভেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং তিনি উক্ত মাসের ব্যালেন্সশীট সম্পর্কে সকলকে অবহিত করেন। নভেম্বরের আয় ব্যায় এর ব্যাপারে সবাই সন্তুষ্টি প্রকাশ করেন। নভেম্বর মাসের আর্থিক খরচের অনুমোদনের জন্য লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) মেম্বার সিকিউরিটি প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন এম ওমর ফারুক, জি, পিএসসি (অবঃ) ইসি সদস্য সমর্থন করেন। নভেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচ অনুমোদিত হল। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৫ ঃ Reconciliation of property value of Porishod, Masjid and Convention Centre fund.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বিষয়োক্ত ব্যাপারে আগামী এজিএমএ উপস্থাপন করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় খসড়া প্রস্তুত ও এজিএমএ উস্থাপনের জন্য ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কে নির্বাহী কমিটি পরামর্শ দেন। এ ব্যাপারে তিনি অনেক পরিশ্রম করায় এবং সবকিছু বিস্তারিতভাবে ইসিকে অবহিত করায় সদস্যগণ তাঁর ভূয়সী প্রশংসা করেন। | সেক্রেটারী ও ট্রেজারার |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৬ ঃ <u>Approval of draft Deed of Agreement to be followed by DOHS flat owners as standard one.</u>**<br><br>যেহেতু এডিআর সাব-কমিটি প্রায়শই বাড়ীওয়ালা ভাড়াটিয়ার মধ্যে বৈরী আচরন প্রশমনে বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হন। তাই ডিওএইচএস পরিষদ কর্তৃক একটা চুক্তিনামার খসড়া প্রস্তুত করতঃ ইতোমধ্যে সকল ইসি সদস্যদের মধ্যে এ খসড়া চুক্তির নমুনা সার্কুলারে করা হয়েছে এবং মতামত গ্রহণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** মতামতের/কিছু প্রস্তাবনা সংযোজন পূর্বক তা সর্ব-সম্মতিক্রমে এই খসড়া চুক্তিনামা অনুমোদিত হয়। উক্ত চুক্তিনামা চূড়ান্ত করণের পর ডিওএইচএস এর সকল প্লট/ফ্ল্যাট মালিকদেরকে একই ধরনের চুক্তিনামা ব্যবহার করার জন্য এসএমএস মাধ্যমে অবহিত করা হবে। এই চুক্তি নামার কপি পরিষদ Website এ upload করা হবে। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ০৭ ঃ পরিষদে কর্মরত কর্মচারীগন কোন কারণে যদি তার প্রাপ্য ছুটি ভোগ করতে না পারেন (কাজের গুরুত্ব বিবেচনা করে) তবে উক্ত দিনগুলির প্রাপ্য অর্থ দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, প্রস্তাবটি াইসি কর্তৃক অনুমোদিত হয়নি। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ০৮ ঃ Approval of EC is requested for increasing one EC member as per DOHS constitution article 18, clause-2.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** পরিষদের সংবিধান আর্টিকেল-১৭, ধারা-২ অনুযায়ী কর্নেল জয়নুল আবেদীন, বাড়ী # ৪৮৭, রোড # ০৮ কে ইসি সদস্য হিসাবে মনোনীত করার সিদ্ধান্ত গৃহিত হয়। অনুমোদনের জন্য প্রথমত সেনাসদরে পত্র প্রেরণ করা সিদ্ধান্ত গ্রহন করা হয়। সেনাসদরের অনুমোদন প্রাপ্তির পর চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী এজিএম এ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ০৯ ঃ Leave of all employees including office staffs need to be followed strictly. Unlimited leave won't be granted. Medical leave will not be counted with the leave entitled in a year.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত</u>** ঃ বিস্তারিত আলোচনা শেষে, পরিষদের গুরুত্বপূর্ণ কাজের সময়ে অর্থাৎ ডিসেম্বর/জানুয়ারী মাসে কোন ছুটি প্রদান করা হবে না (অসুস্থ্যতা ব্যতীত)। কর্নেল প্রফেসর ড. মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ), জয়েন্ট সেক্রেটারী একটি সময় উপযোগী ছুটির নীতিমালা (মেডিকেল ছুটিসহ) প্রস্তুত করে আগামী ইসি সভায় উপস্থাপন করবেন বলে ইসি সিদ্ধান্ত গ্রহন করে। | সেক্রেটারী ও জয়েন্ট সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ১০ ঃ To review ponds lease agreement & stop feeding of contractor's employees in guards mess.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, পরিষদের পত্র অনুযায়ী পুকুরের লিজ ঠিকাদার মেজর আবুল বাসার আগামী ১০ জানুয়ারী ২০২৬ তারিখের মধ্যে বকেয়া পরিশোধ করতে ব্যর্থ হলে চুক্তিনামা বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। এই সাথে ঠিকাদারের পুকুরের কাজে নিয়োজিত কর্মচারীদেরকে সিকিউরিটি ব্যারাকে খাওয়া ০১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে বন্ধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ট্রেজারার ও মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ১১ ঃ <u>Introducing stickers for motor bikes to stop thorough fare and to reduce horn blowing.</u>**<br><br>বারিধারা ডিওএইচএস এলাকায় যাতে অবাধে মটর সাইকেল চলাফেরা এবং pass through করতে না পারে সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনান্তে শুধুমাত্র ডিওএইচএস এর স্থায়ী বাসিন্দা, ভাড়াটিয়া এবং অফিস ভাড়াটিয়াদের অন্যন্যা গেইট দিয়ে মটর সাইকেল প্রবেশ এবং স্কুল গেইট ও অন্যান্য গেইট দিয়ে বাহির হওয়ার জন্য পরিষদ থেকে স্টিকার প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। আগামী জানুয়ারী ২০২৬ থেকে স্বল্পমূল্যে স্টিকার প্রদান কার্যক্রম শুরু হবে। এ ব্যাপারে বাসিন্দাদের এসএমএস/ব্যানার/মাইকিং এর মাধ্যমে অবহিত করা হবে। | মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ১২ ঃ <u>To discuss about vehicles moving towards Gulshan through Annanya gate from DOHS.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, আগামী বার্ষিক সাধারণ সভা (এজিএম) বিষয়োক্ত ব্যাপারে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | সেক্রেটারী ও মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ১৩ ঃ <u>Preparation for AGM scheduled on 07 February 2026.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, বার্ষিক সাধারণ সভার সকল প্রকার কার্যক্রম এবং বুকলেট প্রস্তুত এবং সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য প্রেসিডেন্ট মহোদয় এজিএম পরিচালনা কমিটির সংশ্লিষ্ট সদস্যকে এবং পরিষদ সেক্রেটারীকে অনুরোধ জনান। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ১৪ ঃ <u>Discussion on points raised by Capt M Omar Faruque (G), psc, BN – Anx-A</u>**<br><br>ক। **<u>সাংস্কৃতিক সন্ধ্যা ঃ</u>** বারিধারা ডিওএইচএস পরিষদ নিয়মিত বাসিন্দাদের জন্য বিনোদনের নিমিত্তে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানগুলি উপভোগ্য ও আনন্দদায়ক হয়। তাবে জাতীয় দিবসগুলিতে অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক অনুষ্ঠানে জাতীয় কবির গান, নাচ, কবিতা থাকাটা বাঞ্চনীয়। গত বিজয় দিবসের অনুষ্ঠানে এর ব্যত্যয় ঘটেছে। ভবিষ্যতে অন্য ভাষার গান বাদ দিয়ে বা কমিয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কমপক্ষে একটি আইটেম রাখলে দর্শক শ্রোতারা উপকৃত হবে এবং অনুষ্ঠান অনেক উপভোগ্য হবে।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিষয়োক্ত ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে, যথাশীঘ্র একটি সাংস্কৃতিক সংন্ধ্যা আয়োজন করার সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে কালচারাল সাব-কমিটি কর্তৃক প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ। **<u>পরিবেশ রক্ষায় বাগানের গুরুত্ব ঃ</u>** অত্র সোসাইটি বিপুল সংখ্যক ছোট বড় ফুল ফল গাছ গাছালিতে ভরপুর হয়ে আছে। আমাদের বড় গাছ হোক বা গুল্মলতার গাছ হোক, বাগান করা দরকার। জঙ্গল হয়ে গেলে তাহা কারো জন্য কাম্য নহে। এই প্রেক্ষিতে কিছু কিছু গাছ ছাটাই/ডাল কাটা প্রয়োজন, যাহাতে মাটিতে সূর্যের আলো আসতে পারে। প্রয়োজনীয় সূর্যের আলো পেলে নিচের ছোট ছোট গাছগুলি বড় হওয়ার সুযোগ পাবে এবং ঘাসও ভালোভাবে জন্মাবে। বর্ষা ও ঝড় আসার আগেই পরিকল্পনা করে বড় বড় গাছগুলির ডাল পালা কাটলে পরিবেশ অনেক সুন্দর হবে।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিষয়োক্ত ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে, বর্ষা ও ঝড় আসার আগেই গাছগুলি ডালপালা কর্তন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | কনভেনার, কালচারাল সাব-কমিটি<br><br>মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| গ। **বাচ্চাদের খেলার মাঠ ও পার্ক ঃ** ইহা পরিলক্ষিত হচ্ছে যে, ছোট ছোট ছেলে মেয়েরা পার্কে ও মাঠে খেলাধুলা করে বাসায় ফিরলে তাদের সারা শরীর ধুলা বালিতে অপরিস্কার হয়ে থাকে। মাঠে ও পার্কে ঘাস জন্মানোর অনেক প্রচেষ্টা নিয়েও ব্যর্থ হয়েছে এই সমস্যা নিরসণের জন্য সিনথেটিক গ্রাস/টার্ফ/এস্টো টার্ফ এষ্টো টার্ফ পার্কে লাগানোর ব্যবস্থা করলে বাচ্চাদের শরীর চর্চা সুবিধা হবে। এই ব্যবস্থা খুব ব্যয়বহুল ব্যাপারে। তবে ফেইজ বাই ফেইজ ছোট পার্ক/ মাঠে সীমিত আকারে টার্ফ স্থাপনের ব্যবস্থা করা যেতে পারে। এই ব্যাপারে স্পন্সর পাওয়া যাবে বলে আশা করা যায়। পরীক্ষামূলক ভাবে রোড নং-৯ এর পশ্চিমে অবস্থিত পার্কে এই ব্যবস্থা করার চেষ্টা করলে সফলতা আসবে, যাহাতে আর্থিক সংশ্লেস কম হবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিষয়োক্ত ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে, অনুদান প্রাপ্তি সাপেক্ষে টার্ফ লাগানোর সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে সকল ইসি সদস্য নিজ নিজ চেষ্টায় টার্ফ অনুদান প্রাপ্তির জন্য স্পন্সর (Sponsor) জোগাড় করার সিদ্ধান্ত নেওয়া হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ১৫ ঃ Any other business.**<br><br>১। **লাইব্রেরিয়ান এর ওভারটাইম প্রদান ঃ** অত্র পরিষদের লাইব্রেরিয়ান এর পলিসিতে অনুযায়ী ওভার টাইম নাই। কিন্তু তার অর্পিত দায়িত্ব পালনের পরও অফিসের প্রয়োজনে বিভিন্ন সময়ে অতিরিক্ত ডিউটি করতে হয়। এমতাবস্থায়, পরিষদের অন্যান্য স্টাফ এর ন্যায় অতিরিক্ত কাজের জন্য লাইব্রেরিয়ানকে ওভার টাইম প্রদান করার জন্য সুপারিশ করা হলো।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, পরিষদের অন্যান্য স্টাফ এর ন্যায় অতিরিক্ত কাজের জন্য লাইব্রেরিয়ানকে ওভার টাইম প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ), জয়েন্ট সেক্রেটারী এবং কনভেনার, লাইব্রেরি এন্ড পাবলিকেশন সাব-কমিটি সুপারিশ অনুযায়ী ওভার টাইম প্রদান করা হবে। | কনভেনার, লাইব্রেরি এন্ড পাবলিকেশন সাব-কমিটি |
| ২। **এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) সভায় উপস্থাপন করেন যে,** পরিষদের বাৎসরিক, সাংস্কৃতিক ও বিভিন্ন অনুষ্ঠানের ছবি তোলা ও আর্কাইভে সংগ্রহের জন্য একজন কর্মচারীকে ক্যামেরা ম্যান এর দায়িত্ব প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা।<br><br>**ব্যাখ্যা ঃ** পরিষদের বাৎসরিক, সাংস্কৃতিক ও বিভিন্ন অনুষ্ঠানের ছবি তোলা ও আর্কাইভে সংগ্রহের জন্য একজন ক্যামেরা ম্যান প্রয়োজন। ডাটা এন্টি অপারেটরের নিয়োগ হলে তাকে অতিরিক্ত দায়িত্ব হিসাবে বর্ণিত বিষয়ে দায়িত্ব দেয়া যেতে পারে। ছবি তোলা ও সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষনের জন্য ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা বরাদ্দ করার প্রস্তাব প্রদান করা হল।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, ছবি তোলা ও সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষনের জন্য ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ট্রেজারার |
| ৩। **পরিষদ সিকিউরিট শাখার পুরাতন মটর সাইকেল স্টোরে রক্ষিত আছে। মটর সাইকেলগুলি বেশিদিন স্টোরে রাখলে নষ্ট হয়ে যাবে।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, ওপেন টেন্ডারের মাধ্যমে মটর সাইকেলগুলি সর্বোচ্চ দরদাতার নিকট বিক্রি করার সিদ্ধান্ত গৃহিত হবে। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন টেন্ডারের ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য, পরিষদের কোন কর্মচারীর নিকট মটর সাইকেল বিক্রি করা যাবেনা। | মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| ৪। ডিওএইচএস এলাকার মধ্যে বিভিন্ন open জায়গায় ধুমপান করে পরিবেশ নষ্ট করে। open জায়গায় যাতে ধুমপান করতে না পারে এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি নিরাপত্তা প্রহরীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | মেম্বার সিকিউরিটি |
| ৫। বারিধারা ডিওএইচএস এর বিভিন্ন স্থানে কোম্পনী/মিডিয়া (Signature (BD) Group কর্তৃক বিজ্ঞাপন প্রদর্শনের প্রস্তাবনা নিয়ে ৩য় ইসি সভায় একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি বিশদ আলোচনা করে একটি প্রস্কাবনা/কার্যবিবরনী সভায় বিস্তারিত তুলে ধরেন।<br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, গঠিত কমিটি প্রস্তাবনা/সুপারিশ অনুযায়ী Signature (BD) Group বার্ষিক অনুদান/সাবস্ক্রিপশন ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা পরিষদে অগ্রীম এককালীন প্রদান করবেন মর্মে সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। কমিটির সুপারিশ অনুযায়ী জানুয়ারী ২০২৬ থেকে ৩ বছরের জন্য চুক্তি সম্পন্ন করা হবে। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| ৬। **<u>পরিষদের DSLR ক্যামেরা হারিয়ে যাওয়ার কারণ উৎঘাটন।</u>**<br>গত ২০ ডিসেম্বর ২০২৫ বারিধারা ডিওএইচএস পরিষদের বাৎসরিক দরবার ও প্রীতিভোজ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের পরিষদের DSLR ক্যামেরাটি ছবি তোলার জন্য অফিস এক্সিকিউটিভ মোঃ সান্টু খান দায়িত্ব পালন করে। ছবি তোলা শেষে ক্যামেরাটি তার কম্পিউটার টেবিলের রেখে ভূলবশতঃ চলে যান। পরবর্তীতে ক্যামেরাটি তার টেবিল থেকে হারিয়ে যায়। ক্যামেরাটি হারিয়ে যাওয়ার প্রেক্ষাপট ও সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব উৎঘাটনের জন্য নিম্নেবর্ণিত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সভাপতি ঃ লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ)<br>সদস্য - ১ ঃ মেজর জাফরউল্লাহ খান (অবঃ)<br>সদস্য - ২ ঃ ডাঃ পারভীন হক চৌধুরী | সেক্রেটারী |
| ৭। নির্বাহী কমিটির পরবর্তী সভা আগামী ............ জানুয়ারি ২০২৬ (শনিবার), সন্ধ্যা ১৮৩০ ঘটিকায় অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি - ১৫ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ</u>** সভায় উপস্থিত থাকার জন্য এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করার জন্য প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ ও শুভ কামনা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৮ জানুয়ারী ২০২৬

**অনুমোদনক্রমে ঃ-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৮ জানুয়ারী ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা